

১০



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: আভিঃ পিতা বশাবতুল শেখ মুজিবুর রহমান]
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

দেশের সকল মসজিদে একই পদ্ধতিতে খতমে তারাবীহ পড়ার আহ্বান

ঢাকা, মঙ্গলবার ২১ মার্চ ২০২৩

পবিত্র রমজান মাসে খতমে তারাবীহ পড়ার সময় সারা দেশের সকল মসজিদে একই পদ্ধতি অনুসরণ করার জন্য ইসলামিক ফাউন্ডেশনের পক্ষ থেকে আহ্বান জানানো হচ্ছে।

পবিত্র রমজান মাসে দেশের প্রায় সকল মসজিদে খতমে তারাবীহ নামাজে পবিত্র কুরআনের নির্দিষ্ট পরিমাণ পাঠা তিলাওয়াত করার রেওয়াজ চালু আছে। তবে কোন কোন মসজিদে এর ভিন্নতা পরিলক্ষিত হয়। এতে করে বিভিন্ন স্থানে যাতায়াতকারী কর্মজীবী ধর্মপ্রাণ মুসলমানদের মধ্যে পবিত্র কুরআন খতমের ধারাবাহিকতা রক্ষা করা সম্ভব হয় না। এই অবস্থায় ধর্মপ্রাণ মুসল্লিদের মধ্যে একটি অভূষ্টি ও মানসিক চাপ অনুভূত হয়। কুরআন খতমের পূর্ণ সওয়াব থেকেও তাঁরা বঞ্চিত হন। এ পরিস্থিতি নিরসনকল্পে পবিত্র রমজান মাসের প্রথম ৬ দিনে দেড় পাঠা করে ৯ পাঠা এবং বাকি ২১ দিনে ১ পাঠা করে ২১ পাঠা তিলাওয়াত করলে ২৬ রমজান দিবাগত রাতে অর্থাৎ পবিত্র শবে কদরে পবিত্র কুরআন খতম করা সম্ভব হবে।

এমতাবস্থায় দেশের সকল মসজিদে খতমে তারাবীহ নামাজে প্রথম ৬ দিনে দেড় পাঠা করে ও পরবর্তী ২১ দিনে এক পাঠা করে তিলাওয়াতের মাধ্যমে পবিত্র শবে কদরে কুরআন খতমের জন্য ইসলামিক ফাউন্ডেশনের পক্ষ থেকে সারা দেশের সকল মসজিদের সম্মানিত খতিব, ইমাম, মসজিদ কমিটি, মুসল্লি এবং সংশ্লিষ্ট সকলের নিকট বিনীত অনুরোধ জানানো হচ্ছে।

২১/৩/২৩

২১.৩.২৩

(শায়খা শারমীন)

সহকারী জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫৩৫৩৬২৭৬



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন, চট্টগ্রাম-৪১০০

www.cpa.gov.bd

নং-পরিঃ(প্রঃ)/কল্যান/দে-উল-ফিতর/আহা/১১৯/০৮ (সাব)/ ১০৬

তারিখঃ ২২/০৩/২০২৩ ইং

অনুলিপি:- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। সকল সদস্য, চবক।

২। সকল বিভাগীয় প্রধান/উপ-বিভাগীয় প্রধান/শাখা প্রধান, চবক।

৩। সিস্টেম এনালিস্ট, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ - (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)

৪। সভাপতি/সাধারণ সম্পাদক, কেন্দ্রীয় মসজিদ কমিটির আওতাধীন মসজিদ সমূহ (উপরোক্ত প্রেস বিজ্ঞপ্তি অনুসরণ করার অনুরোধ করা হলো)

৫। পি এ টু চেয়ারম্যান। চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য।

৬। অফিস কপি/ গার্ড ফাইল।

২২/০৩/২৩

পরিচালক (প্রশাসন)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ